যুগান্তর

তারিখ 08 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ববির ভর্তি পরীক্ষা শুরু আজ

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু আজ। সকাল ১০টা থেকে ১১টা খ ইউনিটের এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত গ ইউনিটে ভর্তিচ্ছুদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামীকাল হবে ক ইউনিটের পরীক্ষা। এ পরীক্ষা বেলা ১১টায় শুরু হবে, শেষ হবে দুপুর সাড়ে ১২টায়। এবার ঘ ইউনিটের পরীক্ষা নেয়া হবে না। দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ববি সর্বপ্রথম এ সিদ্ধান্ত নিয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীনে ২০ বিভাগের ১ হাজার ৩৫০টি আসন রয়েছে। এর বিপরীতে ২৪ হাজার ৩৯১ শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতিটি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন। ভর্তি পরীক্ষা উপলক্ষে বৃহস্পতিবার সংবাদ সম্মেলন হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এসএম ইমামুল হক বলেন, আগের ১৮টি বিভাগের সঙ্গে চলতি শিক্ষাবর্ষ থেকে 'কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও দর্শন' বিভাগ যুক্ত হয়েছে। ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয় ছাড়াও বরিশাল সরকারি মহিলা কলেজ, সরকারি আলেকান্দা কলেজ, অমৃত লাল দে মহাবিদ্যালয়, তফাজ্জেল হোসেন মানিক মিয়া কলেজ ও বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সোমবারের মধ্যে ফল ঘোষণা করা হবে। পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাৎক্ষণিক বিচার করা হবে।